# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

Registration No-190/18, 1984-85.

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000

Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org


11390

## নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬

সূত্রঃ নাসিব/প্রকা/নির্বাচন২০২৬/ঘ-১১৫/০১০ তারিখঃ ২১ আশ্বিন, ১৪৩৩
৬ অক্টোবর, ২০২৬

বরাবর,
সকল সদস্য
জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

### নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮) বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর সকল জেলা/মহানগর শাখা এবং সংশ্লিষ্ট সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংগঠনের অনুমোদিত সংঘবিধির পাশাপাশি সর্বশেষ দাখিলকৃত সংশোধিত সংঘবিধি, বাণিজ্য সংগঠন আইন-২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ মোতাবেক নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড কর্তৃক সর্বসম্মত সিদ্ধান্তক্রমে জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) এর ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বিবার্ষিক মেয়াদের জন্য সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে নির্বাচন **আগামী ২৬ ডিসেম্বর, ২০২৬ তারিখ, রোজ শনিবার** সংযুক্ত নির্বাচন তফসিল (সংযুক্তি-১) অনুযায়ী অনুষ্ঠিত হবে। নির্বাচন সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নে দেওয়া হলঃ

১। (ক) ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ এর জন্য ২ (দুই) বছর মেয়াদী নাসিব-এর কেন্দ্রীয় সাধারণ পরিষদ (NASCIB Central General Body) গঠনের লক্ষ্যে নির্বাচন তফসিলে উল্লিখিত তারিখ ও সময় অনুযায়ী সকল নাসিব জেলা/মহানগর শাখার সদস্য ও তালিকা নাসিব কেন্দ্রীয় কার্যালয়ের মাধ্যমে নির্বাচন বোর্ডের নিকট প্রেরণ করতে হবে।

(খ) বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫-এর ধারা ১৯ উপধারা (১) অনুযায়ী নাসিব জেলা/মহানগর শাখা হতে প্রেরিত সদস্যদের (নবায়নকৃত ও নতুন) সমন্বয়ে নাসিব-এর কেন্দ্রীয় সাধারণ পরিষদ গঠন করা হবে।

(গ) নাসিব জেলা/মহানগর শাখা অনুচ্ছেদ ১ (ক) মোতাবেক নাসিব কেন্দ্রীয় সাধারণ পরিষদে প্রতিনিধি/ সদস্য মনোনয়ন প্রদান বা প্রেরণ করবে।

(ঘ) আমমোক্তারনামা প্রদানের মাধ্যমে ভোটার/ সদস্য মনোনয়ন প্রদান/ প্রেরণ করা যাবে না।

(ঙ) কোনো জেলা/মহানগর শাখায় এক ব্যক্তির মালিকানাধীন একাধিক কোম্পানির TIN বা BIN-সমৃদ্ধ প্রতিষ্ঠান থাকলে তিনি সকল প্রতিষ্ঠানের জন্য ভোটাধিকার প্রাপ্য হইবেন এবং উক্ত ভোট কোনোক্রমেই হস্তান্তরযোগ্য হবে না। তবে শর্ত থাকে যে, এইরূপ ভোটাধিকার প্রাপ্ত ব্যক্তি নির্বাচনে একাধিক পদে প্রার্থী হতে পারবেন না।

(চ) কোনো জেলা/মহানগর শাখায় একাধিক ব্যক্তির মালিকানাধীন একটি প্রতিষ্ঠান থাকিলে মালিকগণের সর্বসম্মত সিদ্ধান্তক্রমে যেকোনো একজন মালিককে ভোট প্রদানের জন্য লিখিতভাবে মনোনয়ন প্রদান করা যাবে, তবে উক্ত প্রতিষ্ঠানের কোনো কর্মকর্তা বা কর্মচারী ভোটার হতে পারবেন না এবং উক্তরূপ বিধান একাধিক ব্যক্তির মালিকানাধীন একাধিক TIN বা BIN-সমৃদ্ধ প্রতিষ্ঠানের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।

২। (ক) নির্বাচনী তফসিল (সংযুক্তি-১) মোতাবেক নাসিব জেলা/মহানগর শাখা হতে নাসিব কেন্দ্রীয় সাধারণ পরিষদে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রেরিত/ নিবন্ধিত প্রতিনিধি/সদস্য প্রত্যেকের নিম্নোক্ত কাগজপত্র/দলিলাদি ও তালিকা সংযুক্ত করে (বাধ্যতামূলক) প্রধান নির্বাহী কর্মকর্তা, নাসিব প্রধান কার্যালয় বরাবর দাখিল করতে হবে এবং সফট কপি ই-মেইল যোগে (admin@nascib.org) প্রেরণ করতে হবে। তফসিলে উল্লিখিত সময়সীমার পর সাধারণ পরিষদের জন্য কোন মনোনয়ন/ সদস্য সংক্রান্ত কাগজপত্র গ্রহণ করা হবে না।

- জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১ কপি)
- পাসপোর্ট সাইজ ছবি (১ কপি)
- হালনাগাদ ট্রেড লাইসেন্স ২০২৫-২০২৬ অথবা ২০২৬-২০২৭ (১ কপি)
- আয়কর রিটার্ন সনদ/ কর পরিশোধের সার্টিফিকেট ২০২৫-২০২৬ অথবা রিটার্ণ জমা স্লিপ/ অনলাইন কপি
- মোবাইল নম্বর ও ই-মেইল

# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

Registration No-190/18, 1984-85.

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000

Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org

11391

(খ) দাখিলকৃত/প্রাপ্ত সকল কাগজপত্র/দলিলাদি ও তালিকা প্রধান নির্বাহী কর্মকর্তা, নাসিব প্রধান কার্যালয় নির্বাচন বোর্ড-২০২৬ বরাবর দাখিল করবে।

(গ) ২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮ দ্বিবার্ষিক মেয়াদের নির্বাচনের তারিখের পূর্ববর্তী ১২০ (একশত বিশ) দিনের মধ্যে সদস্য হয়েছেন বা নির্বাচনের তারিখের পূর্ববর্তী ৬০ (ষাট) তম দিন পর্যন্ত নাসিবের প্রাপ্য চাঁদা বকেয়া (নাসিব জেলা/মহানগর শাখা) রেখেছেন, এরূপ কোনো সদস্য নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না।

৩। (ক) নাসিব কেন্দ্রীয় পরিচালনা পরিষদের মেয়াদ হবে দায়িত্ব গ্রহণের তারিখ হতে ২৪ (চব্বিশ) মাস। নাসিব কেন্দ্রীয় পরিচালনা পরিষদ নিম্নরূপে গঠিত হবেঃ

| | |
|---|---|
| সভাপতি | ১ জন |
| সিনিয়র সহ-সভাপতি | ১ জন |
| সহ-সভাপতি | ৩ জন |
| সহ-সভাপতি (নারী) | ১ জন |
| পরিচালক | ২৫ জন |
| মোট | ৩১ জন |

(খ) সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদে প্রার্থীগণকে অবশ্যই নাসিব কেন্দ্রীয় সাধারণ পরিষদ সদস্য হতে হবে।

৪। (ক) নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের নিম্নোক্ত পদসমূহের জন্য নির্বাচন তফসিলে বর্ণিত সময়সীমার মধ্যে নির্বাচন বোর্ডের নিকট মনোনয়ন জমা দিতে হবে:

| পদ | পদের সংখ্যা |
|---|---|
| সভাপতি | ১ টি |
| সিনিয়র সহ-সভাপতি | ১ টি |
| সহ-সভাপতি (পুরুষ) | ৩ টি |
| সহ-সভাপতি (নারী) | ১ টি |
| পরিচালক | ২৫ টি |
| মোট | ৩১ টি |

(খ) চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিন হতে তফসিলে বর্ণিত তারিখ পর্যন্ত অফিস সময়ে নির্বাচন বোর্ডের অফিস/নাসিব প্রধান কার্যালয় থেকে সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি ও পরিচালক পদের নমিনেশন/ মনোনয়ন ফরম সংগ্রহ ও জমা দেয়া যাবে।

৫। কোন ব্যক্তি নাসিবের কেন্দ্রীয় নির্বাচনে কোন পদে প্রার্থী হতে পারবেন না যদি তিনি (ক) ঋণ খেলাপি হোন বা (খ) কর খেলাপি হোন বা (গ) ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হয়ে কারাদন্ডে দন্ডিত হোন এবং মুক্তি লাভের পর ৫ (পাঁচ) বৎসর অতিক্রান্ত না হয় বা (ঘ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলে ঘোষিত হয়ে থাকেন বা (ঙ) কোন আদালত কর্তৃক দেউলিয়া বলে ঘোষিত হয় বা দেউলিয়া হিসেবে ঘোষিত হওয়ার জন্য আবেদন করে থাকেন।

৬। (ক) নির্বাচনের সকল পদের প্রার্থীগণ মনোনয়ন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রসমূহ জমা প্রদান করবেনঃ

- ঋণখেলাপী কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত অঙ্গিকারনামা;
- কর, ভ্যাট, শুল্ক হালনাগাদ পরিশোধ করেছেন কিনা সে বিষয়ে নোটারি পাবলিক কর্তৃক সত্যায়নকৃত অঙ্গিকারনামা;
- ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ রঙ্গীন ছবি।
- ২ (দুই) কপি ষ্ট্যাম্প সাইজ ছবি।
- ১ (এক) কপি জাতীয় পরিচয় পত্র এর ফটোকপি।
- ১ (এক) কপি ২০২৬-২০২৭ অর্থ বছরের হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স-এর ফটোকপি।
- ১ (এক) কপি ২০২৫-২০২৬ অর্থবছরে আয়কর প্রত্যয়নপত্র/ ট্যাক্স রিটার্ণ সার্টিফিকেট এর ফটোকপি।

১১৩৯২

■ ১ (এক) কপি নাসিব ২০২৫-২০২৬ অর্থবছরে জেলা/ মহানগর শাখা কমিটির নাসিব কেন্দ্রীয় কার্যালয়ে ৩০% চাঁদা পরিশোধের রশিদ-এর ফটোকপি।

■ ১ (এক) কপি মেম্বারশিপ সার্টিফিকেট ও প্রাপ্তি রশিদ-এর ফটোকপি।

(খ) নির্বাচনের তফসিল অনুযায়ী নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের ডিরেক্টর/ পরিচালক-২৫টি পদে নির্বাচনের জন্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক ২টি মনোনায়ন ফরম সংগ্রহ করা যাবে এবং মনোনায়ন ফরম জমা দেওয়া/ দাখিল করার সময় মনোনায়ন ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক রশিদ সংযুক্ত করে দিতে হবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

(গ) নির্বাচনের তফসিল অনুযায়ী নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সহ-সভাপতি (পুরুষ)-০৩টি পদে নির্বাচনের জন্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক ২টি মনোনায়ন ফরম সংগ্রহ করা যাবে এবং মনোনায়ন ফরম জমা দেওয়া/ দাখিল করার সময় মনোনায়ন ফি বাবদ ৬০,০০০/- (ষাট হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক রশিদ সংযুক্ত করে দিতে হবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

(খ) নির্বাচনের তফসিল অনুযায়ী নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সহ-সভাপতি (নারী)-০১টি পদে নির্বাচনের জন্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক ২টি মনোনায়ন ফরম সংগ্রহ করা যাবে এবং মনোনায়ন ফরম জমা দেওয়া/ দাখিল করার সময় মনোনায়ন ফি বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক রশিদ সংযুক্ত করে দিতে হবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

(গ) নির্বাচনের তফসিল অনুযায়ী নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সিনিয়র সহ-সভাপতি-০১টি পদে নির্বাচনের জন্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক ২টি মনোনায়ন ফরম সংগ্রহ করা যাবে এবং মনোনায়ন ফরম জমা দেওয়া/ দাখিল করার সময় মনোনায়ন ফি বাবদ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক রশিদ সংযুক্ত করে দিতে হবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

(ঘ) নির্বাচনের তফসিল অনুযায়ী নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সভাপতি-০১টি পদে নির্বাচনের জন্য নগদ ১০০০/- (এক হাজার) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক ২টি মনোনায়ন ফরম সংগ্রহ করা যাবে এবং মনোনায়ন ফরম জমা দেওয়া/ দাখিল করার সময় মনোনায়ন ফি বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা নাসিবের ব্যাংক হিসাবে জমাদানপূর্বক রশিদ সংযুক্ত করে দিতে হবে। উক্ত মনোনয়ন ফি অফেরৎযোগ্য।

৭। (ক) বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ অনুসারে ৩১ (একত্রিশ)টি পদের জন্য নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠিত হবে।

(খ) চূড়ান্ত ভোটার তালিকাভূক্ত যে কোন ভোটার ৩১ (একত্রিশ)টি পদের জন্য মনোনয়নপত্র ক্রয় ও জমা দিতে পারবেন। এ ক্ষেত্রে কোন ভোটার কেন্দ্রীয় নির্বাচন বোর্ড অথবা নির্বাচন আপিল বোর্ড-এর সদস্য হলে তিনি প্রার্থী হতে পারবেন না।

(গ) নির্বাচন বোর্ড কর্তৃক বিভিন্ন পদের জন্য নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী প্রয়োজনীয় ডকুমেন্টসসহ নির্বাচন বোর্ডে দাখিল করতে হবে। যেমনঃ (১) যথাযথভাবে পূরণকৃত মনোনয়ন ফরম; (২) নমিনেশন ফরম বাবদ নির্ধারিত ফি। (৩) মনোনয়ন ফরম-এ উল্লিখিত অন্যান্য ডকুমেন্টস;

(ঘ) নির্বাচন তফসিলে উল্লিখিত নির্ধারিত সময়ের পর কোন মনোনয়ন ফরম গ্রহণ করা হবে না।

(ঙ) পূরণকৃত ফরমে কোনো ঘষামাজা/কাটাকাটি থাকলে তা বাতিল হবে।

(চ) একজন প্রার্থী শুধুমাত্র একটি পদেই নির্বাচন করতে পারবেন। একাধিক পদে মনোনয়ন ফরম দাখিল করা হলে সকল মনোনয়ন বাতিল হবে।

(ছ) প্রার্থী মনোনয়ন ফরম কোন কারণে হারিয়ে গেলে বা নষ্ট হয়ে গেলে নির্বাচন বোর্ড বরাবর আবেদনের সাথে ১,০০০/- (এক হাজার) টাকা পরিশোধপূর্বক ডুপ্লিকেট ফরম সংগ্রহ করা যাবে।

(জ) নির্বাচনের আচরণ বিধি যথাযথভাবে প্রতিপালন করবেন মর্মে প্রার্থীগণকে নির্বাচন বোর্ড কর্তৃক প্রণীত নমিনেশন ফরমের সাথে ৩০০/- (তিনশত) টাকার স্ট্যাম্প-এ স্বাক্ষরিত ঘোষণাপত্র প্রদান করতে হবে।

(ঝ) কোন প্রার্থীর মনোনয়ন সংক্রান্ত কোন আপত্তি (যদি থাকে) নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ের মধ্যে লিখিতভাবে নাসিব কেন্দ্রীয় আপিল বোর্ডের নিকট জমা দিতে হবে। নির্ধারিত সময়ের পরে মনোনয়ন সংক্রান্ত কোন আপত্তি বিবেচনা করা হবে না।

(ট) নির্বাচন তফসিলে বর্ণিত সময়ে নির্বাচন বোর্ড মনোনয়নপত্র বাছাই এবং প্রাথমিক বৈধ মনোনয়ন তালিকা প্রকাশ করে তা নোটিশ বোর্ডে প্রদর্শন করবে, ওয়েবসাইটে প্রকাশ করবে এবং তালিকাভুক্ত সদস্যগণের নিকট ডাকযোগে প্রেরণ করবে।

11393

(ঠ) কেন্দ্রীয় আপিল বোর্ড নির্বাচন তফসিলে উল্লেখিত সময়ে বৈধ মনোনয়ন তালিকা সংক্রান্ত আপত্তির (যদি থাকে) শুনানী গ্রহণ করবেন। শুনানীর পর আপিল বোর্ড শুনানীর উপর গৃহীত সিদ্ধান্ত নির্বাচন বোর্ডকে যথা সময়ে জানিয়ে দিবেন। আপিল বোর্ডের সিদ্ধান্তের ভিত্তিতে নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ এবং নির্বাচন বোর্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করবে এবং ওয়েবসাইটে প্রকাশ করবে।

ঢ) চুড়ান্ত ভোটার তালিকাভূক্ত নয় এমন কোন ব্যক্তি প্রার্থী অথবা প্রস্তাবক অথবা সমর্থক হতে পারবেন না।

৮। কোনো প্রার্থী পদ প্রত্যাহার করতে চাইলে তফসিলে বর্ণিত নির্ধারিত সময়ের মধ্যে নির্বাচন বোর্ডের নিকট উপস্থিত হয়ে লিখিত আবেদন করতে হবে। অর্থাৎ নির্বাচন বোর্ড বরাবর লিখিত আবেদনের মাধ্যমে নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে যে কোনো প্রার্থী তার প্রার্থীতা প্রত্যাহার করতে পারবেন। নির্ধারিত সময়সীমার মধ্যে বৈধভাবে প্রার্থিতা প্রত্যাহার করলে মনোনয়নপত্র জমার সাথে দেওয়া মনোনয়ন ফি সম্পূর্ণ ফেরতযোগ্য।

৯। ৯.১ নির্বাচন পদ্ধতিঃ

ক) চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত সাধারণ পরিষদের সকল সদস্য পরিচালনা পর্ষদের নির্বাচনে সকল পদে প্রার্থী হিসাবে অংশগ্রহণ এবং ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন। চুড়ান্ত ভোটার তালিকাভূক্ত সকল ভোটার গোপন ব্যালটের মাধ্যমে স্বশরীরে সরাসরি ভোটে কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের প্রার্থীরা নির্বাচিত হবেন।

খ) একজন ভোটারকে আবশ্যিকভাবে প্রতিটি পদের নির্বাচনের জন্য নিম্নোক্তরূপে তার ভোট প্রয়োগ করতে হবে। অন্যথায় তার ভোট বাতিল বলে গণ্য হবে:

- সভাপতি: ১ জন (সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।)
- সিনিয়র সহ-সভাপতি: ১ জন (সিনিয়র সহ-সভাপতি পদে ১টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।)
- সহ-সভাপতি: ৩ জন ও ১ জন (নারী) (সহ-সভাপতি পদে ৪টি ভোট দিতে হবে। কম বা বেশি হলে ভোট বাতিল হবে।)
- পরিচালক: ২৫ জন (পরিচালক পদে ২৫টি ভোট দিতে হবে। কম বেশি হলে ভোট বাতিল হবে।)

(গ) চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশের পর কেন্দ্রীয় পরিচালনা পর্ষদের সকল পদের জন্য নির্ধারিত আসনের সমান সংখ্যক প্রার্থী থাকলে অথবা কম হলে সে ক্ষেত্রে প্রার্থীগণকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করা হবে।

(ঘ) নির্ধারিত আসন সংখ্যার চেয়ে প্রার্থী সংখ্যা বেশী হলে সে ক্ষেত্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

(ঙ) নির্ধারিত আসনের কম সংখ্যক প্রার্থী থাকলে যে কয়টি আসন কম হবে ঠিক সেই সংখ্যক আসনের নির্বাচন পরবর্তী সময়ে বিধি মোতাবেক অনুষ্ঠিত হবে।

(চ) নির্বাচন বোর্ড প্রত্যেক ভোটারকে পরিচয়পত্র প্রদান করবেন এবং ভোট প্রদানের সময় তা নির্বাচন বোর্ডকে প্রদর্শন করতে হবে। পরিচয়পত্র নির্বাচন তারিখের কমপক্ষে ৭ দিন পূর্বে নাসিব প্রধান কার্যালয় হতে নিজে অথবা তাঁর স্বাক্ষরিত ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে সংগ্রহ করতে পারবেন।

(ছ) পরিচয়পত্র ব্যতিত কোন ভোটার ভোট প্রদান করতে পারবেন না।

৯.২ ব্যালট পেপার ইস্যুঃ

ক) গোপন ব্যালটের মাধ্যমে ভোট গ্রহণ করা হবে।

খ) নির্বাচন বোর্ড ব্যালটপত্র প্রণয়ন করবে। ব্যালটপত্রের প্রথম অংশে ব্যালটপত্র নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালটপত্র আবশ্যিকভাবে নাসিবের সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর সম্বলিত হতে হবে। অন্যথায় উহা গ্রহণযোগ্য হবে না।

গ) পরিচয়পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক সংগঠনের দপ্তরে রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটারের নাম ও নম্বর লিপিবদ্ধ করে ব্যালটপত্রের প্রথম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর ও সীলসহ যথাযথভাবে পূরণ করতঃ ব্যালটপত্রের অপর অংশটি সংশ্লিষ্ট ভোটারকে প্রদান করবেন এবং চুড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালটপত্র নম্বর লিপিবদ্ধ করে ভোটাধিকার প্রয়োগ রেকর্ড করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একাধিক ব্যালটপত্র প্রদান করা হবে না।

৯.৩ ভোটদান পদ্ধতিঃ

(ক) ব্যালট পেপারে প্রার্থীর নামের ডান পার্শ্বে শূন্য ঘর থাকবে। শূন্য ঘরে টিক (√) চিহ্ন দিয়ে ভোটারগণ পছন্দমত প্রার্থীকে ভোট প্রদান করবেন।

(খ) ১ জন ভোটার উপরে উল্লেখিত নির্ধারিত পদে ভোট দিতে পারবেন।

(গ) ১ জন ভোটার ৩১টির কম বা বেশী সংখ্যক প্রার্থীকে ভোট প্রদান করলে সে ভোট বাতিল বলে গণ্য হবে।

(ঘ) কোন প্রক্সি ভোট গ্রহণ করা হবে না।

৯.৪ ভোট গ্রহণ ও ফল প্রকাশঃ

ক) নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে তফসিল অনুযায়ী ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

খ) ভোট গ্রহণ সমাপ্ত হওয়ার পর পরই নির্বাচন বোর্ড ভোট গণনা আরম্ভ করবেন। গণনা শেষে নির্বাচন বোর্ড নির্বাচনের প্রাথমিক ফলাফল নির্বাচন তফসিল অনুযায়ী ঘোষণা করবেন।

গ) সকল পদে সর্বোচ্চ সংখ্যক ভোট প্রাপ্ত প্রার্থীকে নির্বাচিত ঘোষণা করা হবে।

ঘ) প্রাপ্ত ভোটের সর্বোচ্চ সংখ্যাধিক্যের ক্রমানুসারে পরিচালক/ডিরেক্টরগণের নাম সাজানো হবে। ভাইস-প্রেসিডেন্ট/ সহ-সভাপতি গণের নামও একই পদ্ধতিতে সাজানো হবে।

ঙ) একই পদে একাধিক প্রার্থী সমসংখ্যক ভোট পেলে কেন্দ্রীয় নির্বাচন বোর্ড লটারীর মাধমে নির্ধারণ করবেন।

৯.৫ নির্বাচন সংক্রান্ত অন্যান্য প্রযোজ্য নির্দেশনাঃ

ক) ভোটগ্রহণ অনুষ্ঠিত হওয়ার আগে কোনো বৈধ প্রার্থীর মৃত্যু হলে তার পরিবারের বৈধ প্রতিনিধি বা উত্তরসূরি মনোনয়ন ফি ফেরত পাবেন।

খ) ভোট গ্রহণ চলাকালীন সময়ে প্রার্থীদের সন্তুষ্টির জন্য প্রার্থীকে নির্দিষ্ট সীমানায় ভোটারগনের ভোট গ্রহণ প্রত্যক্ষ করতে পারবেন তবে আবশ্যই ভোট গ্রহণ শুরুর পূর্বেই লিখিতভাবে তা নির্বাচন বোর্ডকে জানাতে হবে। প্রার্থী ব্যতিত কাউকে এজেন্ট মনোনয়ন দেয়া চলবে না।

গ) নাসিব প্রধান কার্যালয় থেকে নির্ধারিত ২০০.০০ (দুইশত) টাকা নগদ মূল্য পরিশোধ পূর্বক (অফেরৎযোগ্য) চূড়ান্ত ভোটার তালিকার কপি (বই) সংগ্রহ করা যাবে।

ঘ) নির্বাচন বিধিতে উল্লেখ নেই এমন উত্থাপিত বিষয়ে নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ড প্রথমে নাসিবের আর্টিক্যালস্ অনুসারে ব্যবস্থা গ্রহণ করবেন। আর্টিক্যালস্ এ উল্লেখ নেই এমন বিষয় উত্থাপিত হলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোম্পানী আইন ও ট্রেড অর্গানাইজেশন অধ্যাদেশ ও বিধিমালা অনুসারে নির্বাচন বোর্ড এবং নির্বাচন আপিল বোর্ড ব্যবস্থা গ্রহণ করবে।

ঙ) নির্বাচন চলাকালীন সময়ে শান্তি-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনে নির্বাচন বোর্ড আইন-শৃঙ্খলা রক্ষাকারী কর্তৃপক্ষের সহায়তা গ্রহণ করবে।

চ) ভোট গ্রহণের সময়ে প্রার্থী এবং নির্বাচন বোর্ড কর্তৃক অনুমোদিত ব্যক্তিগণ ছাড়া অন্য কোন ব্যক্তি ভোট কক্ষে প্রবেশ করতে পারবেন না। এছাড়া কেবলমাত্র ভোটারগণই ভোট প্রদানের জন্য ভোট কক্ষে একবার প্রবেশ করতে পারবেন এবং ভোট প্রদান শেষে ভোট কক্ষ ত্যাগ করবেন।

ছ) ভোট গ্রহণ প্রত্যক্ষ করার জন্য নির্বাচন বোর্ড সংশ্লিষ্ট বা নাসিব এর কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রতিষ্ঠানের কোন কর্মকর্তাকে আমন্ত্রণ জানাতে পারবে। নির্বাচনের দিন নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অনুবিভাগ, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর একটি মনিটরিং কমিটি/ পর্যবেক্ষক আহবান করবেন।

জ) নির্বাচন পর্যায়ে নির্বাচন সংক্রান্ত কোন সমস্যা বা জটিলতার উদ্ভব হলে এবং আপিল বোর্ডের গোচরীভূত হলে তা সমাধানের জন্য আপিল বোর্ড যথাসময়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

ঝ) কেন্দ্রীয় নির্বাচন সংক্রান্ত যাবতীয় ব্যয় যেমন- পত্রিকায় বিজ্ঞাপন, পোষ্টেজ, কন্টিজেন্সি, ভাতা, ভ্রমন ভাতা, ছাপা, নির্বাচনের সাথে সংশ্লিষ্টদের সম্মানী ভাতা এবং অন্যান্য খরচ নাসিব এর ব্যাংক হিসাব (তহবিল) হতে নির্বাহ করা হবে।

ঞ) নির্বাচন সংক্রান্ত সকল বিষয়ে নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড এবং কেন্দ্রীয় আপিল বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

ট) প্রার্থীগণের তালিকা নামের আদ্যক্ষর বা ভোটার তালিকার ক্রম অনুসারে সাজানো হবে। ইহা নির্বাচন বোর্ডের ক্ষমতাধীন।

১০। পরিচালনা পর্ষদে কোনো ব্যক্তি পরপর ২ (দুই) মেয়াদ শেষে অন্যূন একটি নির্বাচনে অংশগ্রহণ না করে পরবর্তীতে নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন। বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪ এবং সর্বশেষ বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এর আওতায় নির্বাচিত বা মনোনীত সকল প্রতিনিধির ক্ষেত্রে এই বিধান প্রযোজ্য হবে।

# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

Registration No-190/18, 1984-85.

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000

Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org


১১। নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থী আপিল বোর্ডে আপত্তি দাখিল করতে চাইলে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা নাসিব ব্যাংক হিসাবে জমাদানপূর্বক তফসিলে নির্ধারিত সময় অনুযায়ী আপিল করতে পারবে।

১২। নির্বাচন কার্যক্রম বাণিজ্য সংগঠন আইন-২০২২, বাণিজ্য সংগঠন বিধিমালা-২০২৫ এবং নাসিবের অনুমোদিত এবং সর্বশেষ দাখিলকৃত সংশোধিত সংঘবিধি ও সংঘ-স্মারক অনুযায়ী সম্পাদিত হবে। আইন ও বিধিমালার সাথে সংঘবিধি ও সংঘ-স্মারক-এর কোন বিষয় সাংঘর্ষিক হলে সেক্ষেত্রে সরকারি আইন ও বিধিমালার বিধানাবলী অগ্রাধিকার পাবে।

১৩। নির্বাচন আয়োজনের জন্য ভেন্যু নির্ধারণ করে নির্বাচন বোর্ড যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করবে।

১৪। যদি দৈব-দূর্বিপাক বা নিয়ন্ত্রণ বর্হিভূত/অনিবার্য কারণে নির্বাচন তফসিলে উল্লিখিত কোন কার্যক্রম নির্দিষ্ট দিনে সম্পন্ন করা সম্ভব না হয়, তবে উক্ত কার্যক্রম নির্ধারিত দিনের পরবর্তী দিনে সম্পন্ন করা হবে।

১৫। নির্বাচন কার্যক্রমের জন্য নাসিব সচিবালয় প্রতিদিন (শনিবার-বৃহস্পতিবার) সকাল ১০:০০ টা থেকে বিকেল ৫:০০ টা পর্যন্ত খোলা থাকবে। তবে নির্বাচন তফসিলে উল্লিখিত কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনে ছুটির দিনেও নাসিব প্রধান কার্যালয় খোলা থাকবে।

১৬। সকল ভোটার, প্রার্থী ও সংশ্লিষ্টদের নির্বাচন আচরণ বিধি (সংযুক্তি-২) যথাযথভাবে মেনে চলতে হবে।

১৭। নির্বাচন সংক্রান্ত তথ্যের জন্য নাসিব প্রধান কার্যালয় ঠিকানাঃ বাড়ি ৫৩/১, ৪র্থ তলা, পুরানা পল্টন লেন, ভিআইপি রোড (ইনার সার্কুলার), ঢাকা-১০০০ যাহা নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ ও নাসিব কেন্দ্রীয় নির্বাচন আপিল বোর্ড-২০২৬-এর কার্যালয় হিসাবে ব্যবহৃত হবে।

| | | |
|---|---|---|
| 06-10-26 | 06/10/2026 | 06.10.26 |
| মো: তাজউদ্দীন মিলন<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | ডা: সুরমণি সিংহ<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | মো: মুরাদ হোসেন<br>চেয়ারম্যান<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ |
| **মো: তাজউদ্দীন মিলন**<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | **ডা: সুরমণি সিংহ**<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | **মো: মুরাদ হোসেন**<br>চেয়ারম্যান<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ |

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)
National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)
Registration No-190/18, 1984-85.
**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org

নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬

সূত্রঃ নাসিব/প্রকা/নির্বাচন২০২৬/ঘ-১১৫/০১০

তারিখঃ ২১ আশ্বিন, ১৪৩৩
৬ অক্টোবর, ২০২৬

সংযুক্তি-১

## নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮)
## নির্বাচন তফসিল

| ক্রম | বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|---|
| ১. | নাসিব কেন্দ্রীয় পরিচালনা পরিষদের নির্বাচন নোটিশ জারি এবং মনোনয়ন আহ্বান | ৬ অক্টোবর ২০২৬ খ্রি. মঙ্গলবার | বিকাল ৪:০০ টা |
| ২. | নাসিব প্রধান কার্যালয় কর্তৃক নির্বাচন বোর্ডের নিকট নাসিব সাধারণ পরিষদের সদস্য তালিকা দাখিলের শেষ তারিখ ও সময় | ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. বৃহস্পতিবার | বিকাল ৪:০০ টা |
| ৩. | নির্বাচন বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকা প্রকাশ | ৫ নভেম্বর ২০২৬ খ্রি. বৃহস্পতিবার | বিকাল ৪:০০ টা |
| ৪. | প্রাথমিক ভোটার তালিকার বিরুদ্ধে নির্বাচন আপিল বোর্ডে আপত্তি দাখিলের শেষ তারিখ ও সময় (যদি থাকে) | ১০-১২ নভেম্বর ২০২৬ খ্রি. মঙ্গলবার-বৃহস্পতিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ৫. | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক প্রাথমিক ভোটার তালিকার উপর আপত্তি শুনানি ও নিস্পত্তি | ১৩-১৫ নভেম্বর ২০২৬ খ্রি. শুক্রবার-রবিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ৬. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ১৭ নভেম্বর ২০২৬ খ্রি. মঙ্গলবার | বিকাল ৪:০০ টা |
| ৭. | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে মনোনয়নপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | ১৮-২১ নভেম্বর ২০২৬ খ্রি. বুধবার-শনিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ৮. | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে মনোনয়নপত্র জমার শেষ তারিখ ও সময় | ২২-২৪ নভেম্বর ২০২৬ খ্রি. রবিবার-মঙ্গলবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ৯. | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে নির্বাচন বোর্ড কর্তৃক মনোনয়নপত্র যাচাই-বাছাই | ২৫ নভেম্বর ২০২৬ খ্রি. হতে ১ ডিসেম্বর ২০২৬ খ্রি. বুধবার-মঙ্গলবার | দুপুর ৩:০০ টা পর্যন্ত |
| ১০. | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে বৈধ প্রার্থীর প্রাথমিক তালিকা প্রকাশ: | ১ ডিসেম্বর ২০২৬ খ্রি. মঙ্গলবার | বিকাল ৪:০০ টা |
| ১১. | নির্বাচন আপিল বোর্ড বরাবর সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে মনোনয়ন সংক্রান্ত আপত্তি/আপিল দাখিলের শেষ তারিখ ও সময় | ২-৩ ডিসেম্বর ২০২৬ খ্রি. বুধবার-বৃহস্পতিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ১২. | নির্বাচন আপিল বোর্ড কর্তৃক মনোনয়ন সংক্রান্ত আপত্তি/আপিল শুনানি ও নিস্পত্তি | ৪-৫ ডিসেম্বর ২০২৬ খ্রি. শুক্রবার-শনিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ১৩. | নির্বাচন বোর্ড কর্তৃক সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদে বৈধ প্রার্থীর চূড়ান্ত তালিকা প্রকাশ | ৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. রবিবার | বিকাল ৪:০০ টা |
| ১৪. | প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ ও সময় | ৯ ডিসেম্বর ২০২৬ খ্রি. বুধবার | দুপুর ১২:০০ টা |
| ১৫. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ৯ ডিসেম্বর ২০২৬ খ্রি. বুধবার | বিকাল ৪:০০ টা |
| ১৬. | সভাপতি, সিনিয়র সহ-সভাপতি, সহ-সভাপতি এবং পরিচালক পদের নির্বাচন ও ভোট গ্রহণ | ২৬ ডিসেম্বর ২০২৬ খ্রি. শনিবার | সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |

# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

## National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)

**Registration No-190/18, 1984-85.**

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org

| ক্রম | বিবরণ | তারিখ | সময় |
|---|---|---|---|
| ১৭. | ভোট গণনা ও নির্বাচন ফলাফল প্রকাশ | ভোট গণনার পর | |
| [illegible] | নির্বাচন পরিচালনা সংক্রান্ত বিষয়ে নির্বাচন আপিল বোর্ডে আপিল দাখিলের তারিখ ও সময় | ২৭ ডিসেম্বর ২০২৬ খ্রি. রবিবার | বিকাল ৪:০০ টা |
| ১৯. | আপিল বোর্ড কর্তৃক আপিল নিস্পত্তি এবং নির্বাচন বোর্ডকে সিদ্ধান্ত জ্ঞাপন | ২৮ ডিসেম্বর ২০২৬ খ্রি. সোমবার | বিকাল ৪:০০ টা |
| ২০. | নির্বাচন বোর্ডের ফলাফল প্রকাশ | ২৯ ডিসেম্বর ২০২৬ খ্রি. মঙ্গলবার | বিকাল ৪:০০ টা |
| ২১. | নির্বাচনের ফলাফলের বিরুদ্ধে নির্বাচন আপিল বোর্ডে আপিল দাখিলের শেষ তারিখ ও সময় (যদি থাকে) | ৩০-৩১ ডিসেম্বর ২০২৬ খ্রি. বুধবার-বৃহস্পতিবার | প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত |
| ২২. | আপিল বোর্ড কর্তৃক আপিল নিস্পত্তি এবং নির্বাচন বোর্ডকে সিদ্ধান্ত জ্ঞাপন | ১ জানুয়ারি ২০২৭ খ্রি. শুক্রবার | বিকাল ৪:০০ টা |
| ২৩. | নির্বাচন বোর্ড কর্তৃক চূড়ান্ত নির্বাচনী ফলাফল প্রকাশ | ২ জানুয়ারি ২০২৭ খ্রি. শনিবার | বিকাল ৪:০০ টা |

| | | |
|---|---|---|
| 26-10-26 | 26/10/2026 | 26.10.26 |
| মো: তাজউদ্দীন মিলন<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | ডা: সুরমণি সিংহ<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | মো: মুরাদ হোসেন<br>চেয়ারম্যান<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ |
| মো: তাজউদ্দীন মিলন<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | ডা: সুরমণি সিংহ<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | মো: মুরাদ হোসেন<br>চেয়ারম্যান<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ |

# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

Registration No-190/18, 1984-85.

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000
Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org


নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬

সূত্রঃ নাসিব/প্রকা/নির্বাচন২০২৬/ঘ-১১৫/০১০

তারিখঃ ২১ আশ্বিন, ১৪৩৩
৬ অক্টোবর, ২০২৬

সংযুক্তি-২

## নাসিব কেন্দ্রীয় পরিচালনা পর্ষদ নির্বাচন (২০২৬-২০২৭ ও ২০২৭-২০২৮)
## নির্বাচন আচরণবিধি

জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)-এর নির্বাচন তফসিল ঘোষণার দিন হতে নির্বাচন কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত নির্বাচন আচরণ বিধি কার্যকর থাকবে:

১. (ক) নির্বাচন উপলক্ষে কোন প্রকার বিল বোর্ডের মাধ্যমে প্রচার, প্লেকার্ড ও দেয়াল লিখন, ব্যানার ব্যবহার কিংবা মিছিল ও শ্লোগান দেয়া সম্পূর্ণ নিষিদ্ধ।

(খ) টিভি, রেডিও বা অন্য কোন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় নির্বাচনী বিজ্ঞপ্তি প্রকাশ/প্রচার করা যাবে না।

(গ) শুধুমাত্র এ-৪ সাইজের (সাদাকালো) লিফলেট-এর মাধ্যমে নির্বাচনী প্রচারণা চালানো যাবে।

(ঘ) কোন প্রার্থী ভোটারদের কোন প্রকার উপঢৌকন (গিফট) প্রদান করতে পারবেন না।

(ঙ) ভোটারদের উদ্দেশ্যে ফেসবুক, হোয়াটসআপ বা ওয়েব সাইটে প্রার্থী পরিচিতি এবং প্রচারপত্র প্রকাশ করা যাবে। তবে ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না।

২. কোন প্রার্থী একক বা দলবদ্ধভাবে কোন হোটেল, রেস্তোঁরা বা কমিউনিটি সেন্টারে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে নির্বাচনী ও পরিচিতিমূলক অনুষ্ঠান, ভোটারদের আপ্যায়নের আয়োজন এবং এতে অংশগ্রহণ করতে পারবে না।

৩. নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ডের তত্ত্বাবধানে প্রার্থী পরিচিতি সভা (প্রজেকশন মিটিং) আয়োজন করা হবে। নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হবে। নির্বাচন বোর্ডের অন্যান্য সদস্যগণ সভায় উপস্থিত থাকবেন। সভায় প্রার্থীগণ সুনির্দিষ্ট সময়ের জন্য ভোটারদের উদ্দেশ্যে বক্তব্য উপস্থাপন করতে পারবেন। ব্যক্তিগত কুৎসা, অশালীন বা রাজনৈতিক বক্তব্য প্রদান করা যাবে না। প্রার্থী পরিচিতি সভার ব্যয়ভার নির্বাহের জন্য নির্বাচন বোর্ড সকল প্রার্থীদের উপর নির্ধারিত হারে ফি ধার্য করবেন।

৪. নির্বাচন শুরু হওয়ার ৪৮ ঘন্টা পূর্বে সকল ধরনের প্রচারণা বন্ধ করতে হবে।

৫. নির্বাচন অনুষ্ঠানের দিনে ভোট কেন্দ্রের ১০০ (একশত) গজের মধ্যে কোন প্রার্থী বা ভোটার বা এজেন্ট বা সমর্থকদের সমাবেশ, জটলা, ব্যাজ ধারণ ও পোষ্টার বহন সম্পূর্ণভাবে নিষিদ্ধ থাকবে।

৬. ভোট প্রদানের পর ভোট কেন্দ্রে কোন প্রার্থী বা ভোটার অপ্রয়োজনে ঘোরাঘুরি বা প্রচারনা চালাতে পারবেন না।

৭. কোন ব্যক্তি বা ভোটার নির্বাচন আচরণ বিধি লংঘন করলে তার বিরুদ্ধে নির্বাচন বোর্ড তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ করবেন। অভিযোগ প্রমাণ সাপেক্ষে প্রয়োজনে নির্বাচন বোর্ড প্রার্থীর প্রার্থীতা বাতিল করবেন এবং ভোটারকে ভোট কেন্দ্র ত্যাগ করার নির্দেশনা প্রদান করবেন।

৮. নির্ধারিত নির্বাচনী বিধি প্রার্থী ও ভোটার কর্তৃক নির্বাচনে যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যবেক্ষণের জন্য নির্বাচন বোর্ড ৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি মনিটরিং কমিটি গঠন করবে অথবা মহাপরিচালক, বাণিজ্য সংগঠন অধিশাখা, বাণিজ্য মন্ত্রণালয় বরাবর আবেদন করতে পারবেন।

৯. ভোট চলাকালীন সময়ে ভোট কেন্দ্রে কতজন ভোটার একই সময়ে অবস্থান করবেন তা নির্বাচন বোর্ড নির্ধারণ করবেন। শুধুমাত্র নির্বাচন বোর্ড ও আপিল বোর্ডের সদস্যবৃন্দ, নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাগণ, আইন প্রয়োগকারী সংস্থার সদস্যবৃন্দ, প্রার্থী ও ভোটারগণ ভোট কেন্দ্রে অবস্থান করতে পারবে।

১০. ভোট প্রয়োগ করার জন্য একই সময়ে শুধুমাত্র একজন ভোটার পোলিং বুথে অবস্থান করতে পারবেন। কোন ভোটার ব্যালট পেপার পোলিং বুথের বাইরে আনতে পারবেন না।

# জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব)

**National Association of Small & Cottage Industries of Bangladesh (NASCIB)**

**Registration No-190/18, 1984-85.**

**Head Office:** House# 53/1, 3rd Floor, Purana Paltan Lane, VIP Road (Inner Circular), Dhaka-1000

Mobile: +8801723855215, E-mail:admin@nascib.org; ceo@nascib.org; Website: https://nascib.org


১১. প্রার্থীগণ নির্বাচন কেন্দ্রে নির্বাচন বোর্ড কর্তৃক নির্ধারিত স্থানে অবস্থান করবেন। ভোট প্রদান ব্যতীত প্রার্থীগণ পোলিং বুথে প্রবেশ করতে পারবেন না।

১২. ভোট চলাকালীন সময়ে কোন প্রার্থী ভোট কেন্দ্রে প্রচারনা চালাতে পারবেন না বা ভোটারদের সাথে অযথা কথা-বার্তা বলতে পারবেন না। কোন প্রার্থী এ ধরনের কর্মকান্ডে লিপ্ত হলে বা আচরণ বিধি ভঙ্গ করলে অভিযোগ প্রমাণ সাপেক্ষে নির্বাচন বোর্ড তার প্রার্থীতা বাতিল করতে পারবেন।

১৩. নির্বাচন বোর্ড ব্যালট পেপারের নমুনা নির্ধারণ করবে। ব্যালট পেপারের ১ম অংশে ব্যালট পেপার নম্বর মুদ্রিত থাকবে এবং ব্যালট পেপারে নাসিব ও নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ এর সীল ও নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের স্বাক্ষর থাকবে। অন্যথায় ব্যালট পেপার গ্রহণযোগ্য বা বৈধ হবে না।

১৪. ভোটার তালিকায় ভোটার নম্বর, ভোটারের নাম, তার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা এবং ই-টিন নম্বর উল্লেখ থাকবে। নির্বাচন বোর্ডের দপ্তরে রক্ষিত সদস্য সংগঠনসমূহ কর্তৃক মনোনীত সদস্যদের নমুনা স্বাক্ষরের ভিত্তিতে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক প্রদত্ত ছবি সম্বলিত পরিচিতি পত্রের মাধ্যমে ভোটার সনাক্ত করা হবে। উক্ত পরিচিতি পত্র না থাকলে অথবা স্বাক্ষরের গড়মিল হলে ভোট প্রদান করা যাবে না।

১৫. পরিচিতি পত্র অথবা নির্বাচন বোর্ড কর্তৃক রক্ষিত নমুনা স্বাক্ষরের ভিত্তিতে সন্দেহাতীতভাবে ভোটার সনাক্ত করা হলে নির্বাচনী কর্মকর্তা ভোটার নম্বর লিপিবদ্ধ করে ব্যালট পেপারের ১ম অংশে উক্ত ভোটারের স্বাক্ষর, নিজ স্বাক্ষর প্রদান সাপেক্ষে ব্যালট পেপারের অপর অংশটি ভোটারকে প্রদান করবেন। সেসাথে চূড়ান্ত ভোটার তালিকায় উক্ত ভোটারের নামের বিপরীতে ব্যালট পেপার নম্বর লিপিবদ্ধ করে ভোটারের ভোট প্রয়োগ সংক্রান্ত রেকর্ড সংরক্ষণ করবেন। একজন ভোটারকে কোন অবস্থাতেই একই পদে একাধিক ব্যালট পেপার প্রদান করা হবে না।

১৬. শারীরিকভাবে অসমর্থ কোন ভোটার, সাহায্যকারী ব্যতীত ভোট দানে অপারগ হলে নির্বাচন বোর্ড নির্বাচন কর্মকর্তাবৃন্দের মধ্য হতে একজনকে ভোট প্রদান কক্ষে উক্ত ভোটারের সাহায্যকারী নিযুক্ত করবেন।

১৭. ভোট গ্রহণ প্রারম্ভের অন্তত ১৫ মিনিট পূর্বে নির্বাচন বোর্ড প্রার্থীগণের (যদি উপস্থিত থাকেন) সম্মুখে নিরীক্ষণ করে শূন্যতার নিশ্চয়তার বিধানপূর্বক ব্যালট বক্সটি বন্ধ ও সীল করবেন এবং নির্বাচন বোর্ড, প্রার্থী ও ভোটারদের নিকট দৃশ্যমান একটি উপযোগী স্থানে রাখবেন।

১৮. প্রতিটি পদের জন্য পৃথক পৃথক ব্যালট বক্স দেয়া থাকবে। একটি ভোট গ্রহণ কক্ষে একই সঙ্গে একই পদের একাধিক ব্যালট বক্স ব্যবহার করা যাবে না। একটি ব্যালট বক্স পূর্ণ কিংবা আরও ভোট গ্রহণের জন্য নির্বাচন বোর্ডের চেয়ারম্যানের নিকট ব্যবহারে অনুপযোগী প্রতীয়মান হলে তিনি সংশ্লিষ্ট ব্যালট বক্সটি সীল করে নিরাপদ ও দৃশ্যমান স্থানে সংরক্ষণ করত: উহার স্থলে অপর একটি শূন্য সীলকৃত ব্যালট বক্সে ভোট গ্রহণ করবেন।

১৯. নির্বাচন বোর্ড কর্তৃক কেবলমাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে রাখা হবে। নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সীলকৃত অবস্থায় ব্যালট বক্সসমূহ সংরক্ষিত থাকবে। ভোট গ্রহণের বিরতিকালে অথবা নির্বাচন বোর্ড কর্তৃক কেবল মাত্র সাময়িক প্রয়োজনে ভোট গ্রহণ স্থগিত করা হলে ব্যালট বাক্স সীল করে নির্বাচন বোর্ড কর্তৃক ভোট গ্রহণ পুনরায় আরম্ভ না করা পর্যন্ত সংরক্ষিত থাকবে। বিরতির পর ভোট প্রদান সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। অতঃপর ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে।

২০. নির্বাচনী তফসিলে নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভোট কেন্দ্রে উপস্থিত হয়ে সকল ভোটার ভোট প্রদান করবেন।

২১. ভোট প্রদানের নির্ধারিত সময় সমাপ্ত হলে ভোট গ্রহণ বন্ধ করা হবে। ভোট গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার পরপরই ভোট গণনা শুরু হবে এবং সমাপ্ত না হওয়া পর্যন্ত একটানা চলতে থাকবে। প্রার্থীগণ ভোট গণনার সময় উপস্থিত থাকতে পারবেন। তবে কোন প্রার্থী ভোট গণনার সময় নিজে উপস্থিত না থাকলে নির্বাচন বোর্ডের পূর্বানুমতিক্রমে তাঁর পক্ষে একজন প্রতিনিধি নিযুক্ত করতে পারবেন।

| | | |
|---|---|---|
| মো: তাজউদ্দীন মিলন<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | ডা: সুরমণি সিংহ<br>সদস্য<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ | মো: মুরাদ হোসেন<br>চেয়ারম্যান<br>নাসিব কেন্দ্রীয় নির্বাচন বোর্ড-২০২৬ |